



**জনতা ব্যাংক লিমিটেড**  
হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট  
প্রধান কার্যালয়  
১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০।

**‘চিফ ল’ অফিসার’ পদে নিয়োগ বিজ্ঞপ্তি**

জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়ের আইন বিভাগে দায়িত্ব পালনের লক্ষ্যে নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও শর্তাধীনে ডিজিএম পদমর্যাদায় চুক্তিভিত্তিক একজন ‘চিফ ল’ অফিসার’ নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশি প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১। শিক্ষাগত যোগ্যতা :	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে। একাডেমিক কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
২। বয়স :	প্রার্থীর বয়স সর্বনিম্ন ৫০ সর্বোচ্চ ৬০ বছর হতে হবে।
৩। পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :	(ক) আইন পেশায় ১২ বছরের অভিজ্ঞতা; যার মধ্যে হাইকোর্টে কমপক্ষে ৭ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজগণ আবেদন করতে পারবেন এবং তাঁদের ক্ষেত্রে বয়সসীমা ৬২ বছর পর্যন্ত শিথিলযোগ্য; (খ) ব্যাংক কোম্পানি আইন, অর্থ ঋণ আদালত আইন, নেগোশিয়েবল ইনস্ট্রুমেন্ট অ্যাক্ট, এন্টি-ম্যানিভারিং আইন, চুক্তি আইন, সম্পত্তি হস্তান্তর আইন, ব্যবসা-বাণিজ্য ও ব্যাংক সংশ্লিষ্ট বিভিন্ন আইনসহ দেশে প্রচলিত অন্যান্য আইন বিষয়ে সম্যক জ্ঞান থাকতে হবে; (গ) বার-এট-ল/আইন বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী অথবা প্রার্থী কোনো ব্যাংকে আইন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করে থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
৪। চাকরির ধরণ :	চাকরির ধরণ হবে সার্বক্ষণিক। প্রাথমিকভাবে ০২(দুই) বছরের জন্য নিয়োগ দেয়া হবে। পরবর্তীতে সন্তোষজনক পারফরমেন্সের ভিত্তিতে পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।
৫। বেতন-ভাতাদি :	আলোচনা সাপেক্ষে।
৬। উপর্যুক্ত যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ বার কাউন্সিলের সনদপত্র ইত্যাদির ফটোকপি, পূর্ণ জীবন বৃত্তান্ত (সিভি) এবং ২ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করে আবেদনপত্র আগামী ৩০.০৫.২০১৯ তারিখের মধ্যে জেনারেল ম্যানেজার, হিউম্যান রিসোর্সেস ডিভিশন, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে ডাক/কুরিয়ারযোগে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, আগ্রহী প্রার্থীগণ সরাসরি ব্যাংকে এসেও হাতে হাতে আবেদন জমা দিতে পারবেন।	
৭। বিজ্ঞপ্তির শর্তাবলি সংশোধন/পরিমার্জন বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।	
৮। ‘চিফ ল’ অফিসার’ পদের জন্য ইতোপূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আবেদনকারী প্রার্থীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।	

স্বাঃ/-  
শহীদুল ইসলাম  
জেনারেল ম্যানেজার (এইচআর)